


বই পরিচিতি

জনস্বাস্থ্য সবার উপরে
বাংলাদেশে তামাক মহামারি রুখতে
তামাক কোম্পানির কূটকৌশল উন্মোচন
প্রথম প্রকাশ: ডিসেম্বর ২০১৩
প্রকাশক: প্রজ্ঞা
পরিবেশক: পার্ল পাবলিকেশন্স

Public Health on Top
Unveiling Tobacco Industry Strategies
to Combat Tobacco Epidemic in Bangladesh
First Published: December 2013
Publisher: PROGGA
Distributor: Pearl Publications



‘জনস্বাস্থ্য সবার উপরে - বাংলাদেশে তামাক মহামারি রুখতে তামাক কোম্পানির কূটকৌশল উন্মোচন একটি ক্ষুদ্র গবেষণা পুস্তিকা। গবেষণা পুস্তিকাটি ক্ষুদ্র হলেও এর বিষয়বস্তু ক্ষুদ্র নয় - জনস্বাস্থ্য। পুস্তিকাটি প্রকাশ করেছে বেসরকারি গবেষণা সংস্থা প্রজ্ঞা। পুস্তিকাটির পরিবেশক পার্ল পাবলিকেশন্স

তামাকজনিত মৃত্যু যে স্বাভাবিক মৃত্যু নয় এই প্রত্যয়কে মূল প্রতিপাদ্য করেই পুস্তিকাটির বিষয়বস্তু ও কাঠামো গড়ে উঠেছে এবং প্রতিটি বিষয়কে সহজ ও প্রাঞ্জল ভাষায় প্রকাশ করা হয়েছে। কোন অস্বাভাবিক মৃত্যু রাষ্ট্রের কাম্য হতে পারে না, কিন্তু তামাকজনিত কারণে নিরবে নিভূতে অস্বাভাবিক মৃত্যুর স্তূপের দীর্ঘলাইন আমাদের অজান্তেই দীর্ঘতর হচ্ছে। তামাকের কারণে বাংলাদেশে প্রতিবছর ৫৭ হাজার মানুষ প্রাণ হারায়, পশুত্ববরণ করেন অল্পও তিন লক্ষাধিক মানুষ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, বর্তমান ধারা অব্যাহত থাকলে ২০৩০ সাল নাগাদ বিশ্বে প্রতি বছর তামাকের কারণে মারা যাবে ১ কোটি মানুষ- যার ৭০ লক্ষই বাংলাদেশের মতো তৃতীয় বিশ্বের। আসন্ন এই তামাক মহামারির হাত থেকে রক্ষা পাওয়া প্রতিটি জনগণের নাগরিক অধিকার। রাষ্ট্র তথা সরকারের অন্যতম প্রধান দায়িত্ব এই বিশাল মৃত্যু ও অসুস্থতাজনিত ক্ষয়-ক্ষতি মোকাবিলার মাধ্যমে জনস্বাস্থ্য সুরক্ষা করা। বাংলাদেশ সরকার এ বাস্তবতা

অনুধাবন করেই ২০০৩ সালে তামাক নিয়ন্ত্রণের আন্তর্জাতিক চুক্তি এফসিটিসি’ তে সাক্ষর এবং পরবর্তীতে ২০০৫ সালে ‘ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) অফ্টন’ প্রণয়ন করে। কিন্তু কিছু দুর্বলতার কারণে এ আইনটি কার্যকর ভূমিকা রাখতে না পারায় এটি সংশোধনের উদ্যোগ নেওয়া হয় ২০০৯ সালে। নানা চড়াই উৎরাই পেরিয়ে গত ২৯ এপ্রিল, ২০১৩ এসংক্রান্ত সংশোধনী বিলটি জাতীয় সংসদে পাশ হয়, যা ২রা মে থেকে গেজেট প্রকাশের মধ্য দিয়ে কার্যকর আছে। তবে তামাক কোম্পানিগুলো আইনের সংশোধনীটি যাতে পাশ না হয় সেজন্য যেভাবে তাদের নানাবিধ কূটকৌশল অব্যাহত রেখেছিল, বর্তমানে আইনটির গুরুত্বপূর্ণ ধারাগুলো (যেমন: ছবিসহ সতর্কবাণী প্রবর্তন) যাতে সঠিকভাবে বাস্তবায়িত না হতে পারে সেজন্যও তারা চেষ্টা চালিয়ে যাচ্ছে। একইভাবে তামাকপণ্যে করারোপ রোধেও কোম্পানিগুলোর কূটকৌশল ও হস্তক্ষেপ থেমে নেই তার প্রমাণ আমরা চলতি ২০১৩-১৪ অর্থবছরের বাজেটের আগেও দেখেছি। তামাক কোম্পানি ভালোভাবেই জানে যে একটি কার্যকর করনীতি প্রণয়ন ও বাস্তবায়ন কি মাত্রায় তামাক ব্যবসা হ্রাস করতে সক্ষম। তবে দুঃখজনক হলেও সত্য জনস্বাস্থ্যের রক্ষাকবচ এসব তামাক-বিরোধী নীতি প্রণয়ন ও বাস্তবায়নে বাধা প্রদানের জন্য তামাক কোম্পানিগুলো সুকৌশলে জনপ্রতিনিধি, সরকারি আমলা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক এমনকি জনস্বাস্থ্যবিদ এবং চিকিৎসকদেরকেও ব্যবহার করে থাকে। রাজস্ব প্রাপ্তির সরল হিসাব দেখিয়ে অথবা কর্মসংস্থানের ভুতুড়ে পরিসংখ্যান উপস্থাপন করে তারা জনপ্রতিনিধিদের সহানুভূতি আদায় করে থাকে। এইসব গুরুত্বপূর্ণ বিষয়গুলো পুস্তিকাটিতে তথ্য-প্রমাণসহ নির্মোহ ভঙ্গিতে বিস্তারিতভাবে আলোচিত হয়েছে। পুস্তিকাটি পার্ল পাবলিকেশন্স এর আউটলেটে পাওয়া যাবে। এছাড়া প্রজ্ঞা থেকেও যে কেউ পুস্তিকাটি ১০০ টাকা শুভেচ্ছা মূল্যে সংগ্রহ করতে পারবেন।

Please see the following link to get full version of the booklet

<https://www.mediafire.com/?5asgo4yxuag3jlz>